

দেহী মে দেহী শীপদ পল্লব,

দেহী মে মস্তকোপর ॥

২। কর হরি-সুত করুণা কির্দধিৎ, ।

জ্ঞানের মুকুল কর বিকশিত ॥

প্রেমানন্দ দানে কর আনন্দিত, ।

কলির কলুষ হর হর ॥



৪ নং

তাল—একতালা

রাগিনী—মঙ্গলবিভাস

গুরুচাঁদ এস হৃদয়-মন্দিরে ডাকি তোমায়ে ।

তুমি অধম তারণ পতিত পাবন রেখ শ্রীপদ নখরে ॥

(১)

তোমায় দেখব মনে অকিঞ্চন, দয়া করি পূর্ণ কর যশোবস্তুর নন্দন

তুমি হরি ভক্তের জীবন, আমি ভক্তি শূন্য এ সংসারে ॥

(২)

তব দয়ার মহিমা অপার, কত দয়া করছ আমায় ওহে গুণাকর ।

তোমার নাম নিলে যায় মতের আঁধার, গুণের তুলনা

দিতে নারে ॥

(৩)

তোমার ইচ্ছায় ভবে আসা বারে বার, ইচ্ছাছাড়া

হই না যেন প্রার্থনা আমার ।

গোপালচাঁদের পদে থাকে যে ভার, রক্ষা কর এ বরদারে ॥

—বরদা

